উপপরিচালক
মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।
টেলিফোন: ০২-৪৭৭৫৩৭৮০
ওয়েবসাইট: www.mpa.gov.bd

# সংবাদ বিজ্ঞপ্তি

## মোংলা বন্দরে যথাযথ মর্যাদায় পালিত হলো 'জুলাই গণঅভ্যুত্থান' দিবস।

৫ আগস্ট ২০২৫ 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' উপলক্ষে মোংলা বন্দর কর্তৃপক্ষ বিভিন্ন কর্মসূচি পালনের মধ্য দিয়ে 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' পালন করা হয়েছে।

মোংলা বন্দর কর্তৃপক্ষের ওয়েবসাইটে বাংলাদেশ চলচ্চিত্র প্রকাশনা অধিদপ্তর কর্তৃক জুলাই গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের বীরত্ব ও স্মৃতি কথা নিয়ে নির্মিত "বীর চট্টোলা" ডকুমেন্টারি এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক সার্টিফাইড নাটিকাটিতে একজন ছাত্রের জুলাই গণঅভ্যুত্থানে অংশগ্রহণের পূর্বে তার মা -কে লেখা ক্ষুদে বার্তা বিষয়টির উপর নির্মিত নাটিকা "জুলাইয়ের চিঠি" কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রদর্শন করা হয়েছে। জুলাই-আগস্ট ২০২৪ এ শহীদ ছাত্র জনতার জন্য মাগফিরাত এবং আহতদের সুস্থতা কামনায় মোংলা বন্দর কর্তৃপক্ষের আওতাধীন মসজিদে ও অন্য ধর্মীয় উপাসনালয়ে বিশেষ দোয়া মাহফিল ও প্রার্থনা সম্পন্ন করা হয়েছে।

পরিশেষে জুলাই গণঅভ্যুত্থানের দিবসের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন, শহীদদের রুহের মাগফিরাত, অসুস্থদের সুস্বাস্থ্য কামনা ও বন্দরের অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

স্বাক্ষরিত/-
০৫/০৮/২০২৫
উপপরিচালক
মোংলা বন্দর কর্তৃপক্ষ